# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১০৪

পর্ব - ১ঃ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৭. কাযায়ে হাযাত বা প্রকৃতির ডাকে সাড়া দেয়ার (পায়খানা প্রস্রাবের) বর্ণনা - পেশাব পায়খানার সময় বাম পায়ের উপর ভর দেয়া

আরবী

وَعَنْ سُرَاقَةَ بْنِ مَالِكٍ ـ رضي الله عنه ـ قَالَ: عَلَّمَنَا رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ فِي الْخَلَاءِ أَنْ نَقْعُدَ عَلَى الْيُسْرَى, وَنَنْصِبَ الْيُمْنَى. رَوَاهُ الْبَيْهَقِيُّ بِسَنَدٍ ضَعِيفٍ

ضعيف. رواه البيهقي (1/ 96)

বাংলা

১০৪। সুরাকাহ বিন মালিক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ ’রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে পায়খানা করতে বাম পায়ের উপর ভর দিয়ে ও ডান পা খাড়া রেখে বসার শিক্ষা দিয়েছেন’। বাইহাকী’ য’ঈফ সানাদে।[1]

## English

Narrated Suraqa bin Malik (rad):
Allah’s Messenger (ﷺ) educated us about lavatory (manners) that we should sit on our left foot and keep erect our right foot. [Reported by Al-Baihaqi through a chain of weak narrators].

ফুটনোট

[1] যঈফ। বাইহাকী ১/৯৬, শাইখ বিন বায তাঁর হাশিয়া বুলুগুল মারাম (১১৬) গ্রন্থে বলেন, এর মধ্যে দু'জন অস্পষ্ট বর্ণনাকারী রয়েছে। ইবনু উসাইমীন তাঁর শরহে বুলুগুল মারাম (১/৩১৩) গ্রন্থে হাদীসটিকে দুর্বল বলেছেন।

ইমাম নববী তার আল মাজমু (২/৮৯) ও আল খুলাসাহ (১/১৬০) গ্রন্থে হাদীসটিকে দুর্বল বলেছেন। ইবনু দাকীক আল ঈদ তার আল ইমাম (২/৫০৬) গ্রন্থে বলেন, হাদীসটির সনদ মুনকাতি' কেননা এর বর্ণনাকারী বানী মুদলাজ গোত্রের ব্যক্তির ও তার পিতার পরিচয় জানা যায়নি। ইমাম যাহাবী তাঁর আল মুহাযযাব (১/১০৫) গ্রন্থে বলেন, আবু নাঈম এটি বর্ণনা করেছেন। তিনি যামআহ থেকে, তিনি মুহাম্মদ বিন আবু আবদুর রহমান থেকে বর্ণনা করেছেন। তিনি যেমন মাজহুল (হাদীস বর্ণনাকারী হিসেবে অপরিচিত) ঠিক তেমনি তাঁর শিক্ষকও মাজহুল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ সুরাকাহ্ ইবনু মালিক ইবনু জু'শুম (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69915

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন